# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ

গণমানুষের ব্যাংক

ফোন ঃ ০২২২৩৩৮৩৫৩৫

ই-মেইলঃ

dgmcsd@krishibank.org.bd,

dgmewt@krishibank.org.bd


প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(খ)/২০২২-২০২৩/ ৬৮৫

তারিখ ঃ ২৮-০৯-২০২২ ইং

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

***বিষয় ঃ ব্যাংকের গ্রীল কেটে ভল্ট ভাঙ্গার চেষ্টায় বাংলাদেশ কৃষি ব্যাংক, লালমোহন শাখা, ভোলা এর উপর বিশেষ পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।***

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা এর ব্যাংক পরিদর্শন বিভাগ-২ (পরিদর্শন শাখা-১) এর পত্র নং- ডিবিআই-২ (পরিঃশাঃ-১)৩৮/২০২২-১৮৬৯ তারিখঃ ২০-০৯-২০২২ইং এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত) ঃ

০২। উক্ত বিশেষ পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণপূর্বক শাখার নিরাপত্তা ব্যবস্থা জোরদারের জন্য বিশেষ নির্দেশনা প্রদান করা হলো ঃ

(ক) বাংলাদেশ কৃষি ব্যাংক, লালমোহন শাখা, ভোলাসহ সকল শাখায় নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত প্রহরীদের দিয়ে শাখার কর্মকর্তাদের ফরমায়েশী কাজ করানো এবং শাখার ম্যাসেঞ্জারের কাজ করানো বন্ধ করতে হবে।

(খ) সকল শাখায় ব্যবহৃত গেটসমূহে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। অফিস সময়ের পর শাখায় প্রবেশের গেটসমূহ বন্ধ রাখতে হবে।

(গ) বিআরপিডি সার্কুলার নং-৭, তারিখঃ ০৫-০৭-২০১৫ এর ৯ নং নির্দেশনা অনুযায়ী সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে এবং ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম শেষ হবার পর রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে সুনির্দিষ্ট কর্মকর্তা কর্তৃক ব্যাংক শাখা পরিদর্শন করার নির্দেশনা যথাযথভাবে পালন করে তার রেকর্ড রাখতে হবে এবং বিষয়টি মনিটরিং এর জন্য ব্যাংকের আঞ্চলিক ও বিভাগীয় কার্যালয়ের ভূমিকা আরো জোরদার করতে হবে।

(ঘ) সকল শাখায় নিরাপত্তা প্রহরীদের বাধ্যতামূলকভাবে নির্ধারিত পোষাক পরিধানপূর্বক সার্বক্ষনিক শাখায় অবস্থান করে নিরাপত্তার দায়িত্ব যথাযথভাবে পালন নিশ্চিত করতে হবে। ছুটির দিনগুলোতে এবং অফিস সময়ের পরে নিরাপত্তা প্রহরী ব্যতীত অন্য কোন গ্রাহক/ব্যক্তি ব্যাংকের শাখায় প্রবেশ ও অবস্থান করতে না পারে তা নিশ্চিত করতে হবে।

(ঙ) শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তা রোস্টার ডিউটি খাতা নিয়মিত মনিটরিং করবেন এবং শাখার সার্বিক নিরাপত্তার বিষয়টি তদারকির মাধ্যমে নিশ্চিত করবেন।

০৩। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের পাশাপাশি ভোলার লালমোহন শাখার ঘটনার পুনরাবৃত্তি যেন না ঘটে সেদিকে সকলকে বিশেষ দৃষ্টি রাখার জন্য নির্দেশ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(স্বাক্ষরিত) ২৮/০৯/২২

(মোঃ জয়নাল আবেদীন)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
তারিখঃ ২৮/০৯/২০২২ ইং

পত্র নং- প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৪(খ)/২০২২-২০২৩/ ৬৮৫ (১২৫০)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। জনাব মোঃ মাসুদ আলম, অতিরিক্ত পরিচালক, ব্যাংক ও পরিদর্শন বিভাগ-২ (পরিদর্শন শাখা-১), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বেস্ট সিকিউরিটি/পিমা/জেএসএস, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। অফিস কপি।

(স্বাক্ষরিত) ২৮/০৯/২০২২

(মোঃ আব্দুস সামাদ)
উপমহাব্যবস্থাপক